ইত্তেফাক

তারিখ ২৭/৪/৭৮ ...
পৃষ্ঠা ৩ ... কলাম ৫ ...

003

# আইনের ছাত্রদের দাবী-দাওয়া

(ইত্তেফাক রিপোর্ট)

গত শুক্রবার ঢাকা বিশ্ববিদ্যালয় আইন অনুষদভুক্ত আইন কলেজসমূহের ছাত্রদের সমন্বয়ে গঠিত আইন শিক্ষার্থী কেন্দ্রীয় কার্যকরী পরিষদের উদ্যোগে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে পরিষদের নেতৃবৃন্দ দেশের অন্যান্য বিশ্ববিদ্যালয়ের আইন অনুষদের সহিত সমতা রক্ষা করিয়া ঢাকা বিশ্ববিদ্যালয় আইন অনুষদভুক্ত আইন মহাবিদ্যালয় সমূহে অধ্যয়নরত ছাত্র-ছাত্রীদের বেলায় পরীক্ষায় তৃতীয় বিভাগের প্রবর্তন, স্বতন্ত্র পত্রে ন্যূনতম নম্বর ২৫ ধার্য করা স্ব স্ব আইন কলেজ ভবনে পরীক্ষাকেন্দ্র বলবৎ করা, প্রত্যেক বৎসরের জানুয়ারী ও জুলাই মাসে আইন পরীক্ষা অনুষ্ঠান পরীক্ষার ৯০ দিনের মধ্যে ফলাফল ঘোষণা, এল এল বি কোর্সে স্নাতকোত্তর কোর্সের ন্যায় একই নিয়ম চালু, এল এল বি শিক্ষা কোর্সে ষ্টাইপেণ্ড ব্যবস্থা প্রবর্তন, বিশ্ববিদ্যালয় গ্রাণ্ড কমিশন কর্তৃক অনুদান মঞ্জুর, আইন পরীক্ষা ১৪ই অক্টোবরের পরিবর্তে '৭৯ সনে জানুয়ারীতে অনুষ্ঠানের ব্যবস্থা, এলএলবি শিক্ষা কোর্সের সামগ্রিম নিয়ন্ত্রণের দায়িত্ব বার কাউন্সিলের নিয়ন্ত্রণে দেশের সমুদয় 'এফিলিয়েটেড' আইন কলেজসমূহের অধ্যক্ষ সমন্বয়ে বোর্ড গঠন, শিক্ষা কমিটিতে আইন শিক্ষকদের প্রতিনিধিত্ব প্রভৃতির দাবী জানান।

উপরোক্ত দাবী দাওয়া না মানিলে ৩১শে আগষ্ট ১ দিনের জন্য উপাচার্যের দফতরের সম্মুখে অবস্থান ধর্মঘট পালন করা হইবে বলিয়া জানান।